

## মডেল অ্যাক্টিভিটি টাস্ক

নবম শ্রেণি

বাংলা (প্রথম ভাষা)

পূর্ণমান : ২০

### ১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

১×৩=৩

১.১ ‘অম্বিকামঙ্গল গান শ্রী কবিকঙ্কণ। ‘অম্বিকা’ হলেন —

(ক) দেবী লক্ষ্মী

(খ) দেবী মনসা

(গ) দেবী চণ্ডী

(ঘ) দেবী শীতলা

১.২ ‘সঘনে চিকুর পড়ে বেঙ্গ - তড়কা বাজ’। এক্ষেত্রে ‘চিকুর’ শব্দের অর্থ —

(ক) চুল

(খ) আকাশ

(গ) বিদ্যুৎ

(ঘ) বৃষ্টি

১.৩ যাঁর নাম স্মরণ করলে বজ্রপাত বন্ধ হয় বলে মানুষের বিশ্বাস, তিনি হলেন —

(ক) ব্যাসদেব

(খ) জৈমিনি

(গ) দেবী চণ্ডী

(ঘ) গজরাজ

### ২. কমবেশি ২০টি শব্দে উত্তর লেখো :

১×৩=৩

২.১ ‘দেখিতে না পায় কেহ অঙ্গ আপনার’।

— কেন এমন পরিস্থিতি হয়েছিল?

২.২ ‘বিপাকে ভবন ছাড়ি প্রজা দিল রড়।।’

— প্রজারা কোন বিপাকে পড়েছিল?

২.৩ কলিঙ্গদেশে একটানা কতদিন বৃষ্টি চলেছিল?

### ৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর লেখো :

৩×৩=৯

৩.১ ‘চারি মেঘে জল দেয় অষ্ট গজরাজ’।

— ‘চারি মেঘ’ বলতে কী বোঝ? ‘অষ্ট গজরাজ’-এর পৌরাণিক অনুষ্ণুগটি কী?

৩.২ ‘ভাদ্রপদ মাসে যেন পড়ে থাকা তাল’। — কোন্ প্রসঙ্গে উদ্ভৃতিটির অবতারণা করা হয়েছে?

৩.৩ ‘চণ্ডীর আদেশ পান বীর হনুমান’। — চণ্ডীর আদেশে বীর হনুমান কী করেছিল?

### ৪. কম-বেশি ১৫০ শব্দে নীচের প্রশ্নটির উত্তর নিজের ভাষায় লেখো :

৫

‘কলিঙ্গদেশে বাড়-বৃষ্টি’ কাব্যংশে অনুসরণে প্রবল প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত জনজীবনের ছবি কীভাবে ফুটে উঠেছে, তা আলোচনা করো।